

“শিক্ষা নিয়ে গড়বো দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার কার্যালয়  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১১০০, বাংলাদেশ।  
ফোন : (+৮৮০-২) ৯৫৩৪২৫৫  
ফ্যাক্স : (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা/ভর্তি-১৭(৮)/অংশ-২/২০০৮/১০০৯

তারিখ: ১৬ জানুয়ারি, ২০২২

### পুনঃভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের Rules and Regulations for Bachelor's Degree (Revised)-এর 2-C(vii)-এ বর্ণিত নিয়মানুযায়ী যারা স্নাতক (সম্মান) ১ম বর্ষ ১ম সেমিস্টারে পুনঃভর্তির যোগ্য তারা ইনস্টিটিউটের পরিচালক ও বিভাগীয় চেয়ারম্যানের মাধ্যমে সরাসরি পুনঃভর্তি হতে পারবে।

স্নাতক (সম্মান) শ্রেণির একাডেমিক নিয়ম ও প্রবিধান মোতাবেক একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ০৬ (ছয়) শিক্ষাবর্ষ। উক্ত সময়ের মধ্যে পুনঃভর্তির জন্য কোন প্রশাসনিক অনুমতির প্রয়োজন নাই। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ০২ (দুই) বার পুনঃভর্তির সুযোগ পাবে। শিক্ষার্থীরা ইনস্টিটিউটের পরিচালক ও বিভাগীয় চেয়ারম্যানের মাধ্যমে যে কোন সেমিস্টারে পুনঃভর্তি হতে পারবে।


আগামী ৩১/০১/২০২২ তারিখ পর্যন্ত Sure Cash (Code No. jnu) বা Nagad (Code No. 1158) বা Rocket (Code No. 8899)-এর মাধ্যমে নিম্নবর্ণিত হারে ১ম বর্ষ ১ম সেমিস্টারে পুনঃভর্তি ফিস জমা দিয়ে পুনঃভর্তি হওয়া যাবে।

#### ১ম বর্ষ ১ম সেমিস্টার পুনঃভর্তি ফিসের হার নিম্নরূপ:

বি.এ/বি.এস.এস/বি.বি.এ	বি.এসসি	Payment কোড নং
৩,১০০/-	৩,৩৫০/-	Sure Cash (Code No. jnu)/ Nagad (Code No. 1158)/ Rocket (Code No. 8899)

উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,


  
(প্রকৌশলী মোঃ এহিদুজ্জামান)  
রেজিস্ট্রার

তারিখ: ১৬ জানুয়ারি, ২০২২

জবি/প্রশা/ভর্তি-১৭(৮)/অংশ-২/২০০৮/১০০৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

০১. ডীন (সকল অনুযয়), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
০২. পরিচালক (সকল ইনস্টিটিউট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
০৩. চেয়ারম্যান (সকল বিভাগ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
০৪. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
০৫. পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা, (বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ও বিভাগীয় তহবিলে অর্থ প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৬. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা, (বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ও বিভাগীয় তহবিলে অর্থ প্রদানের এ্যাডভাইস প্রেরণ এবং বিজ্ঞপ্তি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ);
০৭. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ডিবি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা, (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৮. উপ-পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
০৯. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা, (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. সংরক্ষণ/অফিস নথি।

  
১৬.০১.২০২২

(মোঃ আল হেলাল উদ্দিন)  
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)